Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 16 April, 2025

জামালপুরের বকশীগঞ্জে জুলেখা বেগম (৩৫) নামে এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।

বকশীগঞ্জ থানা পুলিশ বুধবার (১৬ এপ্রিল) বিকালে বাট্টাজোড় ইউনিয়নের পুরান বাট্টাজোড় গ্রামের স্বামীর ঘর থেকে ওই মরদেহ উদ্ধার করে।

জুলেখা বেগম পুরান বাট্টাজোড় গ্রামের গরু ব্যবসায়ী নাজমুল হকের স্ত্রী।জুলেখা বেগমের এক মেয়ে ও এক ছেলে সন্তান রয়েছে।

জানা গেছে, বুধবার বিকাল ৪ টার দিকে স্বামীর ঘরে ফ্যানের সঙ্গে ঝুলে থাকা জুলেখা বেগমের মরদেহ দেখতে পেয়ে বকশীগঞ্জ থানা পুলিশকে খবর দেয় এলাকাবাসী।পরে থানা পুলিশ মরদেহটি উদ্ধার করেন।

জুলেখা বেগমের ননদ ফারজানা বেগম জানান, মঙ্গলবার ব্যবসার টাকা নিয়ে স্বামী নাজমুলের সঙ্গে ঝগড়া হয় জুলেখার।

এসব কারণেই তাকে শ্বাসরোধ করে হত্যা করে ফ্যানের সঙ্গে ঝুলিয়ে রাখা হয়েছে বলে দাবি করেন তিনি।এঘটনায় তদন্ত করে আইগগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান ফারজানা বেগম।

বকশীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার শাকের আহমেদ জানান, গৃহবধূর বাবার পরিবারের আপত্তি থাকায় মরদেহটি উদ্ধার করা হয়েছে।এটি হত্যা নাকি আত্মহত্যা তা জানতে ময়না তদন্তে পাঠানো হবে।এবিষয়ে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

ঝুলন্ত মরদেহ মরদেহ উদ্ধার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:47

URL: https://timestodaybd.com/mymensingh/775807925